

কমিউনিটির জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কার্য-পরিকল্পনা (Community Climate Action Plan) অধ্যায় কর্মরত গ্রুপ

একাধিক বিষয়



জলবায়ুর প্রতি ন্যায়

ন্যায্যতার পরিপ্রেক্ষিতে সকল ফলাফলগুলি পর্যালোচনা করা হয়েছে, যাতে এটা নিশ্চিত হওয়া যায় যে সমতা বজায় ছিল।



জলবায়ু স্বাভাবিক করা

সকল ফলাফল পর্যালোচনা করা হয়েছিল যাতে এটা নিশ্চিত হওয়া যায় যে এই পরিকল্পনার মধ্যে সহযোগিতাপূর্ণভাবে এবং স্বাভাবিক বিষয়গুলির সমাধান বিস্তৃতভাবে উল্লেখ করা হয়েছে।



অগ্রগতি জানানো

এই পরিকল্পনার খসড়া প্রস্তুত করার সময় কমিউনিটির মন্তব্য এবং সরকারের স্বচ্ছতার উপর জোর দেওয়া।



নিঃশেষণ এবং বর্জ্য পদার্থ কমানো

লক্ষ্য: বিভিন্ন বস্তু দায়িত্ব সহকারে উৎপাদন করা এবং তা ব্যবহার করা এবং বিভিন্ন বর্জ্য পদার্থকে সঠিকভাবে ম্যানেজ করা।



পরিবহন

লক্ষ্য: একটি সুরক্ষিত, সকলের জন্য সমান এবং শাস্ত্রীয় বহুমুখী পরিবহন ব্যবস্থা যা গতিশীলতা এবং বিভিন্ন জায়গায় সহজে যাবার সুবিধাকে উন্নত করবে, বিভিন্ন ধরনের জীবাত্ম জ্বালানির উপর নির্ভরতা কমাতে, বিভিন্ন কমিউনিটিকে একে অপরের সাথে সংযুক্ত করবে স্বাভাবিক সপ্লাই চেইন যত প্রদান করবে এবং GHG নির্গমনের পরিমাণ কমাতে।



আবাসন ও তার পার্শ্ববর্তী এলাকায় স্বাস্থ্য জনিত সমস্যার প্রতিকার

লক্ষ্য: বিভিন্ন বাড়ি ও তার পার্শ্ববর্তী এলাকা থেকে কোনো বিষাক্ত গ্যাস নির্গমন না করার অভ্যাস গড়ে তোলা যাতে সকলের স্বাস্থ্য ভালো থাকে এবং চরম বিপর্যয়মূলক পরিবেশ থেকে বাড়িতে থাকা ব্যক্তিদের সুরক্ষিত রাখা যায়।



আর্থিক ও কর্মক্ষেত্রের বিকাশ

লক্ষ্য: ন্যায্যসঙ্গত ও বৃহত্তদাকার গ্রীন ইকোনমি গড়ে তোলা



কমার্শিয়াল এনার্জি কনজারভেশন ও পুনর্নবীকরণযোগ্য এনার্জি

লক্ষ্য: বিভিন্ন বাড়ি থেকে নেট জিরো কার্বন নির্গমনের লক্ষ্য রাখা এবং একটি ডিকার্বনাইজড ইলেকট্রিক্যাল গ্রিডের মাধ্যমে এটি অর্জন করতে সহায়তা প্রদান করা



বিভিন্ন প্রাকৃতিক সমাধান

লক্ষ্য: বিভিন্ন অঞ্চত ভূমিকে রক্ষা করা, যে সকল বাস্তুতন্ত্রের মানের অবনতি ঘটেছে সেগুলি ঠিক করা এবং গ্রীন ইনফ্রাস্ট্রাকচার, গাছের ছাউনি এবং উন্মুক্ত জায়গায় সকলের অধিকার বজায় রাখার উপর নজর রাখা।



কৃষি ও খাদ্য ব্যবস্থা

লক্ষ্য: কৃষি ও খাদ্য ব্যবস্থায় থাকা বিভিন্ন সমস্যার সমাধান বার করা।

© Erie (এরি) কাউন্টি জলবায়ু পরিবর্তন

বিশেষ সংক্ষিপ্তসার কমিউনিটির জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কার্য-পরিকল্পনার (Community Climate Action Plan) খসড়া

জলবায়ু পরিবর্তনের প্রভাব আমাদের সকলের উপরই পড়েছে। জলাশয়ের জলের তাপমাত্রা উষ্ণ হয়ে যাওয়ার কারণে উচ্চ গতিবেগের বাতাস সহ আরও তীব্র ঝড় তৈরি হচ্ছে, ফলে সাময়িকভাবে জলস্তর বৃদ্ধি পাচ্ছে এবং তীব্র দাবদাহের ঘটনা খুবই সাধারণ হয়ে পড়েছে। 2022-এ মার্কিন যুক্তরাষ্ট্রে জলবায়ু ও পরিবেশ সংক্রান্ত দুর্যোগের কারণে \$165 বিলিয়ন ক্ষয়ক্ষতি হয়েছিল, যা এখনো পর্যন্ত তৃতীয় সর্বোচ্চ স্থানে রয়েছে।¹ বিশ্বের বাকি জায়গার মতো Erie (এরি) কাউন্টিতেও জলবায়ু সংক্রান্ত জরুরি অবস্থা রয়েছে, যার কারণে দীর্ঘদিন ধরে চলে আসা অর্থনৈতিক বৈষম্য এবং জাতিগত অবিচার বহুগুণ বৃদ্ধি পেয়েছে।



সম্প্রতি জলবায়ুর পরিবর্তনের সাথে সম্পর্কিত আন্তঃসরকারি প্যানেল (Intergovernmental Panel on Climate Change - IPCC) জানিয়েছে যে 2022 সালে জলবায়ু পরিবর্তনের কারণে ঘটা বিভিন্ন রকমের বিপর্যয়ের সাথে সম্পর্কিত একটি আন্তর্জাতিক বৈজ্ঞানিক মূল্যায়ন প্রকাশিত হয়েছিল এবং তাতে দেখা গেছে যে সকল ক্ষেত্রগুলির ওপর নজর রেখে জলবায়ুর পরিবর্তনের প্রভাব কমানো সম্ভব, সেই সকল ক্ষেত্রের সংখ্যা ক্রমাগত কমেই চলেছে।²

তবে এখনো এমন অনেক ক্ষেত্রে রয়েছে যেগুলির ওপর কাজ করলে ভালো ফলাফল আশা করা যেতে পারে। Erie (এরি)কাউন্টির পক্ষে একা জলবায়ু পরিবর্তন আটকানো কোনোভাবেই সম্ভব নয় তবে

স্টেট, ফেডারেল ও স্থানীয় কর্তৃপক্ষের সহায়তার মাধ্যমে এটি করা সম্ভব কমিউনিটির নিবাসী ও স্থানীয় ব্যবসায়ীদের সাথে একত্রে সরকার Erie (এরি) কাউন্টিতে এবং বিশ্বের সর্বত্র GHG নির্গমন সীমিত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। কারণ জলবায়ু পরিবর্তনের ফলাফলের অভিজ্ঞতা আমাদের ইতিমধ্যে হয়েছে, বর্তমানে ও ভবিষ্যতে জলবায়ু পরিবর্তনকে স্থিতি করতে আমাদের উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এই এরি কাউন্টির কমিউনিটির জলবায়ু সংক্রান্ত কার্য-পরিকল্পনাটিতে (Erie County Community Climate Action Plan - CCAP) জলবায়ুর পরিবর্তন সীমিত করার পাশাপাশি আমাদের নিবাসীদের রক্ষিত রাখা, চাকরি সৃষ্টি করা, উর্বর কৃষিজমি সুরক্ষিত রাখা এবং বৈষম্যতার বিভিন্ন সমস্যা সমাধানের বিভিন্ন উপায় তৈরি করার ওপর জোর দেওয়া হয়েছে। এই গুরুত্বপূর্ণ সমস্যার সমাধান করতে এই পরিকল্পনাটিতে বিভিন্ন উদ্দেশ্য নির্ধারণ করা হয়েছে, সেগুলি পূরণ করার জন্য প্রয়োজনীয় কৌশল উল্লেখ করা হয়েছে এবং বিভিন্ন কাজ যা এই কাউন্টিতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে করা যেতে পারে তা উল্লেখ করা হয়েছে।

জলবায়ুর পরিবর্তনের সাথে সম্পর্কিত বিভিন্ন সমস্যার সমাধান আরও ভালোভাবে করার জন্য এবং কমিউনিটিতে GHG নির্গমন কমাতে এই কাউন্টিতে কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ টাস্ক ফোর্সকে সমবেত করা হয়েছিল এবং ন্যায্যতার ওপর নজর রেখে এই CCAP তৈরি করার প্রক্রিয়া শুরু করা হয়েছিল।

টাস্ক ফোর্স দশটি ক্ষেত্রে বেছে নিয়েছিল এবং খুবই বিশেষজ্ঞ ব্যক্তিদের নিয়ে বিভিন্ন কার্যকরী দল গড়ে তোলা হয়েছিল যাতে এই সকল বিষয়ের উপর পরিকল্পনার বিভিন্ন ধাপ গড়ে তোলা যায়। 2020 সালের মার্চ মাস এবং 2023 সালের ফেব্রুয়ারি মাসের মধ্যে Erie (এরি) কাউন্টির এবং এই কমিউনিটির 100 জনেরও বেশি স্বেচ্ছাসেবক CCAP গড়ে তোলার জন্য টাস্ক ফোর্সকে সহযোগিতা করেছেন।

¹ <https://www.ncei.noaa.gov/access/billions/>

² <https://www.ipcc.ch/report/ar6/wg2/>

এই ধাপগুলি লেখা হয়েছিল যাতে বিভিন্ন উদ্দেশ্য, কৌশল এবং Erie (এরি) কাউন্টিতে GHG নির্গমন কমাতে এবং এই কমিউনিটিকে জলবায়ুর পরিবর্তনের সাথে সাথে স্বাভাবিক রাখার জন্য গ্রহণ করা যেতে পারে এমন বিভিন্ন কাজগুলিকে উল্লেখ করা যায়। জনগণের মন্তব্যকে নথিভুক্ত করে রাখার পাশাপাশি কমিউনিটির সদস্যদের সাথে যোগাযোগ করার মাধ্যম হিসেবে www.erie.gov/climateaction নামক একটি ওয়েবসাইট গড়ে তোলা হয়েছিল।

আঞ্চলিক ও স্টেট পরিকল্পনা

এই পরিকল্পনাটি WNY রিজিওনাল সাস্টেনেবিলিটি প্ল্যান (WNY Regional Sustainability Plan) (2013)³ এবং **ওয়ান রিজিয়ন ফরওয়ার্ড (One Region Forward)**-এর মতো পূর্ববর্তী আঞ্চলিক পরিকল্পনাগুলির ভিত্তিতে গড়ে তোলা হয়েছে। 2019 সালে টাস্ক ফোর্স মিটিং করা শুরু করার অল্প কয়েকদিনের মধ্যেই নিউ ইয়র্ক ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রটেকশন অ্যাক্ট (CLCPA) পাশ হয়েছিল। Erie (এরি) কাউন্টির পরিকল্পনাটি স্টেট পরিকল্পনা থেকে পৃথক এবং স্বতন্ত্র হলেও এই স্টেট পরিকল্পনাটি এটির জন্য অর্থায়নের জোগাড় করবে এবং সেটি এটির ওপর বিশেষ নজর রেখেছিল

সমতার অঙ্গীকার

Erie (এরি) কাউন্টি ও দেশের বাকি জায়গায় পূর্ববর্তী প্রজন্ম থেকে চলে আসা অসমতার ধারা বর্তমান প্রজন্মতেও বংশানুক্রমে চলে এসেছে। **Erie (এরি) কাউন্টির জন্য এই পরিকল্পনাটির বিভিন্ন কৌশল এবং কাজকে নির্ধারণ করার সময় সমতার দৃষ্টিকোণের ওপর বিশেষ নজর রাখা হয়েছে।** এই বিষয়ে আরও তথ্য অধ্যায় 2 থেকে পেয়ে যাবেন: জলবায়ুর প্রতি ন্যায়।



এরি কাউন্টির গভর্নমেন্ট লিভার্স (Erie County Government Levers)

Erie (এরি) কাউন্টিতে কিছু কাউন্টির তুলনায় বেশি নিবাসী এবং বেশ কয়েকটি স্টেটের বেশি পরিমাণে রাস্তাঘাট থাকলেও ফেডারেল বা স্টেটের সরকারের তুলনায় Erie (এরি) কাউন্টি-র ভূমিকা খুবই সীমিত। Erie (এরি) কাউন্টির ওপর যে সকল দায়িত্ব রয়েছে তার মধ্যে রয়েছে সামাজিক পরিষেবা এবং সরকারি স্বাস্থ্য প্রোগ্রাম প্রদান করা, বিভিন্ন রকমের জরুরি পরিষেবার সাথে সহায়তা প্রদান করার পাশাপাশি গুরুত্বপূর্ণ পরিকাঠামোগুলিকে রক্ষণাবেক্ষণ করা। তাই, আমাদের কমিউনিটিকে এবং বিশেষত এখানে থাকা ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে রক্ষা করা এই কাউন্টির স্বাভাবিক কর্তব্য। Erie (এরি) কাউন্টিতে এই সকল প্রোগ্রামগুলো আরও বেশি পরিমাণে আয়োজন করা হতে পারে যাতে পৌরসভা এবং এখানকার গৃহস্থকে GHG নির্গমন কমানোর প্রচেষ্টাতে আরও বেশি পরিমাণে সাহায্য করা যায় এবং যাতে তারা পরিবর্তিত পরিবেশেও স্বাভাবিক থাকতে পারেন। যেখানে Erie (এরি) কাউন্টির কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ করার অথবা সরাসরি কোনো কাজ করার অধিকার নেই, সে ক্ষেত্রে এটি তাদের সহায়তা ও নেতৃত্ব প্রদান করতে পারে।

জনস্বাস্থ্যের সুবিধা

জনস্বাস্থ্য এবং জলবায়ুর পরিবর্তন একে অপরের সাথে গভীরভাবে সম্পর্কিত। নিম্নমানের বাতাস, জল এবং জলবায়ুতে বিভিন্ন জটিল ঘটনার কারণে ইতিমধ্যে যে সকল ব্যক্তির কার্ডিওভাসকুলার রোগে আক্রান্ত, যাদের শ্বাসকষ্ট রয়েছে এবং অন্য কোন প্রকারের চিকিৎসা চলে তাদের খুবই অসুবিধা হচ্ছে। বিভিন্ন রকমের স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার পাশাপাশি Erie (এরি) কাউন্টির বিভিন্ন পুরনো ভবনের কারণে জনস্বাস্থ্য অত্যধিক গ্রীষ্মের দাবদাহ ও শীতের প্রকোপের ঝুঁকিতে রয়েছে বিশেষত কমিউনিটিতে আমাদের মধ্যে থাকা বিভিন্ন শিশু ও বয়স্করা যাদের স্বাস্থ্য দুর্বল প্রকৃতির, যাদের মধ্যে বেশি করে স্বাস্থ্যগত বৈষম্য ও অসম্যতা লক্ষ্য করা যায় তাদের ক্ষেত্রে ঝুঁকির পরিমাণ বেশি।

কার্যকরী করা

এই পরিকল্পনাটিকে সফলভাবে কার্যকরী করতে একটি বহুমুখী কৌশল ব্যবহার করতে হবে যার মধ্যে থাকবে আমাদের কমিউনিটির বিভিন্ন লোকেদের সংযুক্ত করা, স্টেট ও ফেডারেলের অর্থায়নের বিভিন্ন সুবিধার ব্যবহার করা এবং অন্যান্যদের সাথে পার্টনারশিপ গড়ে তোলা।

বিভিন্ন রকমের প্রোগ্রাম তৈরি করে সেই সকল কাজগুলিকে বোঝানো যেগুলি আমরা আমাদের কমিউনিটিতে সম্পাদন করে জলবায়ু পরিবর্তনের প্রভাব কমাতে পারি, এর পাশাপাশি জলবায়ু পরিবর্তনের ফলে যে প্রভাব আসতে চলেছে তার জন্য প্রস্তুত থাকতে পারি, এটি এই পরিকল্পনার সবকটি অধ্যায়ের জন্যই গুরুত্বপূর্ণ। এই সম্পর্কে পর্যাপ্ত শিক্ষা গড়ে তোলা এবং তার প্রচার করা যাতে এটা নিশ্চিত হওয়া যায় যে আমরা অ্যাক্সেস প্রদান, বিতরণ করা, অনুবাদ করে, অ্যাক্সেসযোগ্যতা বিবেচনা করে এবং আরও অনেক পদ্ধতি অবলম্বন করে সকল নিবাসীর কাছে বক্তব্য পৌঁছে দেবার চেষ্টা করছি। এই কাউন্টির জন্য এটি খুবই জরুরী যাতে আমাদের কমিউনিটির বাসিন্দারা GHG নির্গমন কমানোর বিভিন্ন পন্থা সম্পর্কে অবগত থাকেন এবং পরিবর্তিত জলবায়ুর সাথে মানিয়ে নিতে পারেন, যাতে এই পরিকল্পনায় উল্লেখিত বিভিন্ন লক্ষ্য, কৌশল এবং কার্যকারিতাকে পূরণ করা যায়।



Erie (এরি) কাউন্টিকে আর্থিক সংস্থানের বিভিন্ন রকমের পন্থা খুঁজে বার করতে হবে এবং জলবায়ুর পরিবর্তন সংক্রান্ত স্টেট ও ফেডারেলের অর্থায়নের বিভিন্ন প্রোগ্রামের সুবিধা নিতে হবে। এনভারনমেন্টাল বন্ড অ্যাক্ট (Environmental Bond Act) এবং ইনফ্লেশন রিডাকশন অ্যাক্ট (Inflation Reduction Act)-এর মতো সম্প্রতি পাশ হওয়া স্টেট ও ফেডারেল আইন, অর্থ জোগাড় করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সংস্থান হয়ে উঠতে পারে।



এই পরিকল্পনা অনুযায়ী কমিউনিটির বিভিন্ন পার্টনারদের একসাথে কাজ করতে হবে, Erie (এরি) কাউন্টির একাধিক এই সকল লক্ষ্যগুলিকে পূরণ করা কখনোই সম্ভব নয়। Erie (এরি) কাউন্টি বিভিন্ন পৌরসভা, স্কুল ডিস্ট্রিক্ট, ব্যবসায়ী, বিভিন্ন অ-লাভজনক সংস্থা, কমিউনিটির বিভিন্ন গ্রুপ এবং এখানকার নিবাসীদের একত্রে কাজ করতে হবে যাতে এই পরিকল্পনাটির থেকে সবচেয়ে সেরা ফলাফল পাওয়া যায়।

স্বীকৃতি

এই কাজটি কোনো প্রযুক্তিগত বিশেষজ্ঞের সহায়তা ছাড়াই করা হয়েছে এবং এটি স্বেচ্ছাসেবক, শেয়ারহোল্ডার এবং কাউন্টির স্টাফদের প্রচেষ্টার ওপর নির্ভর করে গড়ে তোলা হয়েছে টাস্ক ফোর্সের প্রধান Dr. Susan Clark (ডঃ সুসান ক্লার্ক), আমাদের কর্মরত গ্রুপের নেতাদের এবং আমাদের অজ্ঞান শেয়ার হোল্ডার, অংশগ্রহণকারী যারা স্বেচ্ছায় তাদের নেতৃত্ব প্রদান করেছেন এবং তাদের বিশেষ উপলব্ধি জ্ঞান আমাদেরকে দিয়েছেন এবং এই পরিকল্পনাটিকে কার্যকরী করার ক্ষেত্রে মূল ভূমিকা পালন করেছেন তাদের কাছে এই কাউন্টি কৃতজ্ঞ। স্টাফদের বেতনের কিছুটা অংশ NYS ডিপার্টমেন্ট অফ এনভারনমেন্টাল কনজারভেশন (NYS Department of Environmental Conservation) প্রদান করেছে।

পূর্ববর্তী পদক্ষেপ

জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কার্য পরিকল্পনার (Climate Action Plan) বাস্তবায়ন ইতিমধ্যে শুরু হয়ে গেছে। সম্পূর্ণ CCAP www.erie.gov/climate-action-তে উপলভ্য রয়েছে। sustainability@erie.gov-তে যোগাযোগ করে মন্তব্য জানাতে বলা হচ্ছে।

³ <https://regional-institute.buffalo.edu/wp-content/uploads/sites/155/2020/10/Western-New-York-Regional-Sustainability-Plan.pdf>